

নরসিংদী জেলার সদর উপজেলাধীন  
নরসিংদী-করিমপুর জিসি সড়কে মেঘনা নদীর ওপর  
৬৩০ মিটার দীর্ঘ 'শেখ হাসিনা সেতু'

শুভ  
উদ্বোধন  
করেন

শেখ হাসিনা

মাননীয় প্রধানমন্ত্রী  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৭ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ  
০১ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ



স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
স্থানীয় সরকার বিভাগ  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

কৃষি নির্ভর বাংলাদেশের অর্থনীতিকে আরও বেগবান করতে শক্তিশালী গ্রামীণ পরিবহন যোগাযোগ নেটওয়ার্ক স্থাপন অপরিহার্য। নদীমাতৃক বাংলাদেশের সমগ্র ভূখণ্ড জুড়েই প্রবাহিত হচ্ছে অসংখ্য খাল-বিল, নদী-নালা। নদী একদিকে যেমন দেশের অর্থনীতিকে সমৃদ্ধ করেছে, পাশাপাশি সড়ক যোগাযোগের ক্ষেত্রে সৃষ্টি করেছে প্রতিবন্ধকতা। এসব প্রতিবন্ধকতা দূর করে শক্তিশালী সড়ক যোগাযোগ নেটওয়ার্ক তৈরী করে ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করতে সারাদেশে ‘উপজেলা ও ইউনিয়ন সড়কে দীর্ঘ সেতু নির্মাণ’ প্রকল্পটি ২০১০ সালের ৯ মার্চ একনেক কর্তৃক অনুমোদিত হয়।

রাজধানী ঢাকার নিকটবর্তী শিল্প-বাণিজ্য সমৃদ্ধ এক জনপদ নরসিংদী। এই জেলার সদর উপজেলার মধ্য দিয়ে মেঘনা নদী প্রবাহিত। নদীটি নরসিংদী সদর উপজেলার চরাঞ্চলের ৪ টি ইউনিয়ন-করিমপুর, নজরপুর, আলোকবালা ও চরদিঘলদীকে বিচ্ছিন্ন করে রেখেছিলো। এলাকার জনসাধারণের নরসিংদী শহর ও ঢাকা-সিলেট মহাসড়ক ধরে রাজধানীতে যাতায়াতের ক্ষেত্রে চরম অসুবিধায় পড়তে হতো। শহরের নিকটবর্তী হয়েও তারা যেন ছিলো বহুদূরের বাসিন্দা।

এসব এলাকায় রয়েছে অনেক কলকারখানা, শিক্ষা প্রতিষ্ঠান, স্বাস্থ্যকেন্দ্র, গ্রোথ সেন্টার ও হাটবাজার। প্রতিদিন প্রায় ২৫ হাজার মানুষ নরসিংদী-করিমপুর অংশে মেঘনা নদী পার হয়ে উপজেলা ও জেলা সদরে যাতায়াত করে। একটি সেতুর দীর্ঘদিনের চাহিদা ছিলো এলাকাবাসির। সড়ক যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে কৃষি, শিক্ষা, স্বাস্থ্য ও আর্থ-সামাজিক উন্নয়নসহ এলাকার অর্থনৈতিক কর্মকাণ্ডে গতি সঞ্চারণের জন্য এ সেতুটি নির্মাণের পরিকল্পনা করা হয়।

সারাদেশে উপজেলা ও ইউনিয়ন সড়কে দীর্ঘ সেতু নির্মাণ প্রকল্পের আওতায় এলজিইডি’র অভিজ্ঞ প্রকৌশলীগণের ডিজাইন, নিবিড় পর্যবেক্ষণ ও সার্বিক তত্ত্বাবধানে তুলনামূলক কম খরচে দৃষ্টিনন্দন এ সেতুটির নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। সেতুটি নির্মাণের ফলে নরসিংদী সদর উপজেলার চরাঞ্চলের ৪ টি ইউনিয়ন এবং পার্শ্ববর্তী রায়পুরা উপজেলার চরআড়ালিয়া, চরমধুয়া, মির্জারচর ও বাঁশগাড়ী ইউনিয়নসহ ব্রাহ্মণবাড়িয়া জেলার বাঞ্ছারামপুর ও নবীনগর উপজেলার বিপুল সংখ্যক জনসাধারণ ঢাকা-সিলেট মহাসড়কের ব্যবহার করে সহজেই রাজধানী ঢাকাসহ অন্যান্য গন্তব্যে যাতায়াত করতে পারবে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সেতুটি উদ্বোধনের মধ্য দিয়ে এলাকার আপামর জনসাধারণের দীর্ঘদিনের লাগিত স্বপ্ন বাস্তবে রূপলাভ করতে যাচ্ছে।

এ সেতুটি বর্তমান গণতান্ত্রিক সরকারের গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রতিশ্রুতির একটি সফল বাস্তবায়ন, যা এলাকার জনসাধারণের আর্থ-সামাজিক উন্নয়নের মধ্য দিয়ে দেশের অর্থনীতিতে মূল্যবান অবদান রাখবে।

## সেতুর তথ্য কণিকা

- ◆ প্রকল্পের নাম : উপজেলা ও ইউনিয়ন সড়কে দীর্ঘ সেতু নির্মাণ প্রকল্প
- ◆ একনেক-এ অনুমোদন: ৯ মার্চ ২০১০ খ্রিস্টাব্দ
- ◆ অর্থায়নে : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
- ◆ কাজের নাম : নরসিংদী জেলার সদর উপজেলাধীন নরসিংদী-করিমপুর জিসি সড়কে মেঘনা নদীর ওপর ৬৩০ মিটার দীর্ঘ পিসি গার্ডার সেতু নির্মাণ
- ◆ সেতুর নাম : শেখ হাসিনা সেতু
- ◆ মোট ব্যয় : ৯৭ কোটি ৮০ লক্ষ
  - সেতু নির্মাণ : ৮০ কোটি ৮২ লক্ষ
  - এপ্রোচ : ৭ কোটি ৫৪ লক্ষ টাকা
  - জমি অধিগ্রহণ : ৯ কোটি ৪৪ লক্ষ টাকা (৪.৭৯ একর)

## সেতুর উল্লেখযোগ্য প্রকৌশলগত বৈশিষ্ট্য

- ◆ সেতুর ধরণ : প্রি-স্ট্রেসড কংক্রিট গার্ডার সেতু
- ◆ দৈর্ঘ্য : ৬৩০ মিটার
- ◆ প্রস্থ : ৯.৬০ মিটার (কার্যেজগে ৭.৩ মিটার, উভয়পার্শ্বে ফুটপাথ ১.০০ মিটার)
- ◆ সাব স্ট্রাকচার:
  - এবাটমেন্ট সংখ্যা ২ টি
  - পিয়ার সংখ্যা ১৪ টি
  - পাইল সংখ্যা ২০১ টি
- ◆ সুপার স্ট্রাকচার:
  - মোট স্প্যান সংখ্যা ১৫ টি
  - প্রতিটি স্প্যানের দৈর্ঘ্য ৪২ মিটার

## অন্যান্য বৈশিষ্ট্য

- ◆ ন্যূনতম নৌযান চলাচল উচ্চতা সর্বোচ্চ বন্যাসীমা থেকে ৭.৬২ মিটার
- ◆ রাতে নিরাপদে চলাচলের জন্য সেতুতে বৈদ্যুতিক বাতি স্থাপন
- ◆ নদীর দু'পাড়ে প্রটেকশনসহ এ্যাপ্রোচ সড়ক মোট দৈর্ঘ্য ৩৪৭০ মিটার
  - করিমপুর প্রান্তে: ২০৯৫ মিটার
  - নরসিংদী প্রান্তে: ১৩৭৫ মিটার

## সেতু নির্মাণের ফলে সৃষ্ট সুবিধা

- ◆ সেতুটি নির্মাণের ফলে নরসিংদী সদর উপজেলার চরাক্সলের ৪ টি ইউনিয়ন - করিমপুর, নজরপুর, আলোকবাঈ ও চরদিঘলদী এর প্রায় ২৫ হাজার মানুষের নরসিংদী জেলা শহরের সঙ্গে সরাসরি যোগাযোগ স্থাপিত হলে। এতে চরাক্সলের জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি সাধিত হবে।
- ◆ সেতু সংযোগকারী এলাকায় উল্লেখযোগ্য সংখ্যক শিল্প কারখানা, শিক্ষা প্রতিষ্ঠান, স্বাস্থ্যকেন্দ্র, শ্রোথ সেন্টার ও হাট বাজার এ যাতায়াত দ্রুততর ও সহজতর হবে।
- ◆ নরসিংদী সদর উপজেলার চরাক্সলের ৪ টি ইউনিয়ন, পার্শ্ববর্তী রায়পুরা উপজেলার চরআড়ালিয়া, চরমধুয়া, মির্জারচর ও বাঁশপাড়ি ইউনিয়ন এবং ব্রাহ্মণবাড়িয়া জেলার বাল্ল্যারামপুর ও নবীনগরের জনসাধারণের ঢাকা-সিলেট মহাসড়ক ধরে রাজধানীসহ দেশের বিভিন্ন অঞ্চলে যাতায়াত সহজতর হবে।

